গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়
ব্যাংকক ভবন, ই-১৪/ ওয়াই, আগারগাঁও, ঢাকা
www.moict.gov.bd

স্মারক নং- তারিখঃ

বিষয়ঃ জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ফেলোশিপ ও বৃত্তি নীতিমালা-২০১৩।

২০২১ সালের মধ্যে সুখী সমৃদ্ধিশালী এবং একটি মধ্যম আয়ের দেশ হিসেবে বাংলাদেশকে গড়ে তোলার লক্ষ্যে বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের কর্মসূচী ঘোষণা করে। বিগত বছরগুলোতে এ কর্মসূচী কেন্দ্র করে সরকারি সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেওয়া, শিক্ষার মান উন্নত এবং কর্মসংস্থান বৃদ্ধি করাসহ নানামুখী পদক্ষেপ নেয়া হয়েছে। অন্যদিকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োগ ও প্রসারকে ঘিরে বিশ্বব্যাপী উন্নয়ন সম্ভব হয়েছে। এ সম্ভাবনাকে বাংলাদেশ কাজে লাগানো এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অভিজ্ঞতা অর্জন উচ্চশিক্ষায় উৎসাহ প্রদান।

১.০. ফেলোশিপের নামঃএ নীতিমালা জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ফেলোশিপ ও বৃত্তি নীতিমালা-২০১৩ নামে অভিহিত।

২.০. ফেলোশিপের উদ্দেশ্যাবলীঃ

২.১. গবেষকবৃন্দের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে উচ্চ শিক্ষায় অর্জনে, এবং এ বিষয়েগবেষণা কাজে উৎসাহ প্রদান;

২.২. যথাযথ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জ্ঞানসম্পন্ন স্নাতকোত্তর পর্যায়ের ছাত্র-ছাত্রী/গবেষকদের জন্য গবেষণা ও উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা;

২.৩. যথাযথ তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে উচ্চ শিক্ষিত মানবসম্পদ তেরী করা;

২.৪. তথ্য প্রযুক্তিবিদদের গবেষণায় উৎসাহিত করা;

২.৫. দক্ষ মানবসম্পদ তৈরী ও পেশাগত উৎকর্ষ সাধনে উৎসাহ প্রদান করা;

২.৬. স্থানীয় ও লাগসই তথ্য প্রযুক্তি উদ্ভাবন, উন্নয়ন ও বিকাশ সাধনে উৎসাহ প্রদান করা; এবং

২.৭. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক গবেষণালব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা দেশের সার্বিক উন্নয়ন কর্মকান্ডে জনগণের সেবা প্রদানের ক্ষেত্রে উদ্ভাবনকে উৎসাহ প্রদান।

২.৮ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট প্রাসজ্ঞিক বিষয়ে উৎসাহ প্রদান।

৩.০ ফেলোশিপ কর্মসূচীর ব্যবস্থাপনাঃ

জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ফেলোশিপ কর্মসূচীর প্রশাসনিক নিয়ন্ত্রণভার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের উপর ন্যস্ত থাকবে। ফেলোশিপ প্রদান ও আর্থিক বিষয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে এবং ফেলোগণের শিক্ষা/গবেষণার বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান/গবেষণা সংস্থার তত্ত্বধানে থাকবে। ফেলোশিপ প্রাপ্ত শিক্ষার্থী/গবেষক সংশ্লিষ্ট তত্ত্বধায়কের মাধ্যমে প্রতি ০৬(ছয়) মাস অন্তর অন্তর গবেষণার অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। প্রতিবেদন, গবেষণা প্রবন্ধ ও সেমিনারে মূল্যায়নের জন্য ভিত্তিতে মন্ত্রণালয় একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করে বিশেষজ্ঞ কমিটির পরামর্শক্রমে মন্ত্রণালয় ফেলোশিপের নবায়ন অথবা অবসায়নের সিদ্ধান্ত গ্রহণ করবেন। গবেষণায় আশানুরুপ অগ্রগতি না হলে অথবা সদাচরণের অভিযোগে সরকার যে কোন সময় ফেলোশিপ/বৃত্তি বাতিল করতে পারবে। তাছাড়া ফেলোদের গবেষণা কার্যক্রমের অগ্রগতি ও লব্ধ জ্ঞান ইত্যাদি বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় বছরে এক বা একাধিকবার সেমিনার/কর্মশালা/মূল্যায়ন সভা অনুষ্ঠান করতে পারবে এবং এতে গবেষণা সমাপ্ত করেছেন এরুপ ফেলোগণ এবং .........অংশগ্রহণ করবেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় একটি বার্ষিক কমসূচী প্রণয়নের মাধ্যমে ফেলোশিপ কার্যক্রম বাস্তবায়ন করবে।



(Public)

৪.০. ফেলোশিপ কর্মসূচীতে গবেষণার বিষয়সমূহঃ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট নিম্নলিখিত ক্ষেত্রসমূহ অগ্রাধিকার ভিত্তিতে ফেলোশিপ দেয়া হবেঃ

৪.১.কম্পিউটার কৌশল, কম্পিউটার বিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান ও কৌশল, তথ্য ও যোগাযোগ প্রকৌশল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি,সফটওয়্যার বিজ্ঞান বা কৌশল, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, বিজনেস ইনফরমেশন সিস্টেমস, ইনফরমেশন সিস্টেমস, সেবা পদ্ধতি উদ্ভাবন।

৪.২ উল্লেখিত ক্ষেত্রসমূহ জাতীয় প্রয়োজন ও উৎপাদনমুখী এবংজণকল্যানমূখী গবেষণার উপর অগ্রাধিকার প্রদান করা হবে। জাতীয় চাহিদার প্রতি লক্ষ্য রেখে মন্ত্রণালয় অগ্রাধিকার ভিত্তিতে গবেষণার ক্ষেত্র নির্ধারণ করবেন এবং সে সব ক্ষেত্রে ফেলোশিপ গ্রহণের জন্য প্রার্থীকে উৎসাহিত করবেন। ফেলোশিপ প্রদানের জন্য পর্যায়ক্রমে গবেষণার ক্ষেত্রসমূহ বৃদ্ধি এবং প্রতিটি ক্ষেত্রে ফেলোশিপের অর্থ যৌক্তিকভাবে বন্টন করা হবে।

৫.০. ফেলোশিপের শ্রেণী ও মাসিক ভাতার হারঃ

৫.১. দেশে মাস্টার্স অথবা এম ফিল ফেলোশিপ, প্রথম বছর মাসিক-১০০০০/- টাকা।

২য় বছর মাসিক-১৫,০০০/- টাকা।

৫.২ দেশে সরকার অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ে ডক্টরেট ফেলোশিপ, ১ম বছর মাসিক-২০,০০০/-টাকা।

২য় বছর মাসিক-২৫,০০০/-টাকা।

৩য় বছর মাসিক-৩০,০০০/- টাকা।

৪র্থ বছর মাসিক-৩৫,০০০/

৫.৩. দেশে পোষ্ট ডক্টরাল ফেলোশিপঃ মাসিক-৪০,০০০/-

৫.৪ বিদেশে মাস্টার্স ফেলোশিপঃ পূর্ন টিউশন ফি, বিমান ভাড়া ও সংগতিপূর্ন লিভিং আলাউন্স পর্যালোচনা করে যুক্তিসঙ্গত পরিমান অর্থ ।

৫.৫ বিদেশে ডক্টরেট ফেলোশিপঃ পূর্ন টিউশন ফি, বিমান ভাড়া ও সংগতিপূর্ন লিভিং আলাউন্স।

৫.৬ বিদেশে পোষ্ট ডক্টরেট ফেলোশিপঃ পূর্ন টিউশন ফি, বিমান ভাড়া ও সংগতিপূর্ন লিভিং আলাউন্স।

৬.০. ছাত্রছাত্রী/গবেষকদের ফেলোশিপদের জন্য সাধারণ এবং শিক্ষাগত যোগ্যতা ও শর্তাবলীঃ

অন্য কোন সরকারী/স্বায়ত্তশাসিত/বেসরকারী প্রতিষ্ঠান হতে প্রস্তাবিত গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপের/অনুদান গ্রহণ করেন না এরুপ বাংলাদেশের সকল নাগরিক সরকার কর্তৃক দেশে অনুমোদিত কোন বিশ্বিবিদ্যালয়ের অথবা সমমানের বিদেশীকোন বিশ্বিবদ্যালয়ের অধীনে অনুচ্ছেদ-৪.০ এ উল্লেখিত কোন তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে খন্ডকালীন/সার্বক্ষণিকভাবে অধ্যয়নরত/গবেষণারত থাকলে সংশ্লিষ্ট ক্যাটাগরীর সাধারণ ও শিক্ষাগত যোগ্যতা সাপেক্ষে তিনি তথ্য প্রযুক্তি ফেলোশিপের জন্য আবেদন করার যোগ্য বিবেচিত হবেন।

৬.১. মাস্টার্স ফেলোশিপ:

বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় অথবা সমমানের বিদেশী কোন বিশ্বিবদ্যালয়ের অধীনে খন্ডকালীন/সার্বক্ষণিকভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর শ্রেণীতে (গবেষণা/থিসস গ্রুপে) অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রীগণ এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবে। সাধারণ ফেলোশিপ-১ এর জন্য এস,এস,সি ও এইচ,এস,সি উভয় পরীক্ষায় GPA-৪.৫/প্রথম বিভাগ এবং তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পর্যায়ে-CGPA ৩.২৫ (স্কেল ৪.০ এর ক্ষেত্রে) এবং CGPA-৪.২৫ (স্কেল-৫ এর ক্ষেত্রে) অথবা প্রথম শ্রেণী/সমমান হতে হবে।

বয়সঃ অনূর্ধ্ব বছর।

৬.২. ডক্টরাল ফেলোশিপঃ বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় অথবা সমমানের বিদেশী কোন বিশ্বিবদ্যালয়ের অধীনে খন্ডকালীন/সার্বক্ষণিকভাবে তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে, পিএইচডিতে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রীগণ এ ফেলোশিপের জন্য যোগ বিবেচিত হবে। ফেলোশিপের জন্য এস,এস,সি ও এইচ,এস,সি উভয় পরীক্ষায় GPA- ৪.৫/প্রথম বিভাগ এবং তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে- CGPA ৩.২৫ (স্কেল ৪.০ এর ক্ষেত্রে) এবং CGPA -৪.২৫ (স্কেল-৫ এর ক্ষেত্রে) অথবা প্রথম শ্রেণী/সমমান হতে হবে।

বয়সঃ অনূর্ধ্ব বছর।

৬.৩. পোষ্ট ডক্টরাল ফেলোশিপঃ

তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডিধারী কোন গবেষক বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ে অথবা সমমানের বিদেশী কোন বিশ্বিবদ্যালয়ের অধীনে খন্ডকালনি/সার্বক্ষণিকভাবে তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পোষ্ট ডক্টরাল গবেষণারত থাকলে তিনি এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবে।

বয়সঃ অনূর্ধ্ব বছর।

৬.৪. ইতোপূর্বে ফেলোশিপপ্রাপ্ত হন নি বা আবেদন করেন নি এমন এম,ফিল/এম,এস কোর্সে খন্ডকালীন/সার্বক্ষণিক অধ্যয়নরত ছাত্র-ছাত্রী/গবেষকগণ আবেদন করলে অনুচ্ছেদ-৬.১ এবং ৯.১ বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ২য় বছরের জন্য ফেলোশিপ প্রদান করা যাবে।

৬.৭. ইতোপূর্বে ফেলোশিপপ্রাপ্ত হন নাই বা আবেদন করেন নাই এমন পিএইচডি কোর্সে খন্ডকালীন/সার্বক্ষণিক অধ্যয়নরত ছাত্র-ছাত্রী/গবেষকগণ আবেদন করলে অনুচ্ছেদ-৬.২ এবং ৯.২ ও ৯.৩ এ বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ২য়/৩য় বছরের জন্য ফেলোশিপ প্রদান করা যাবে। তবে কোন ছাত্র-ছাত্রী/গবেষককে ২য় বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হলে অনুচ্ছেদ৬.২ এবং ৯.৩ এ বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ৩য় বছরের জন্য তার ফেলোশিপ নবায়ন করা যাবে।

৭.০. সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থা/বিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত চাকুরিজীবী প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা ও শর্তাবলীঃ বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় অথবা সমমানের বিদেশী কোন বিশ্বিবদ্যালয়ের খন্ডকালীন/সার্বক্ষণিক তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে এম,ফিল/ এম,এস/ পিএইচডি কোর্সে অধ্যয়নরত/গবেষণারত সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত চাকুরিজীবীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। চাকুরিজীবী প্রার্থীদের ক্ষেত্রেও সকল ফেলোশিপের জন্য প্রযোজ্য শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। তাছাড়া যথাযথ, কর্তৃপক্ষ কর্তৃক অধ্যয়নের অনুমতি/ছুটি/প্রেষণ মঞ্জুর সংক্রান্ত অনুমোদন থাকতে হবে।

বয়সঃ মাস্টার্স ফেলোশিপ ও ডক্টরাল ফেলোশিপের জন্য বয়স অনুর্ধ্ব ৫০ বছর এবং পোষ্টডক্টরাল ফেলোশিপের জন্য বয়স অনুর্ধ্ব ৫২ বছর।

৮.০. ফেলোশিপের মেয়াদঃ

৮.১.মাস্টার্স অথবা এম ফিল ফেলোশিপ এর মেয়াদ সর্বোচ্চ ২ বছর হবে।

৮.২. ডক্টরাল ফেলোশিপ এর মেয়াদ সর্বোচ্চ ৪ বছর হবে।

৮.৩. পোষ্ট ডক্টরাল ফেলোশিপ এর মেয়াদ সাধারণভাবে ৬ মাস হবে। তবে বিশেষক্ষেত্রে তা ১ বছর বৃদ্ধি করা যেতে পারে।

৮.৬. উক্ত ফেলোশিপসমূহের মেয়াদ বৃদ্ধি করা যাবে না।

৯.০. <u>ফেলোশিপ নবায়নঃ</u>

৯.১. সন্তোষজনক অগ্রগতি ক্ষেত্রে মাস্টার্স ফেলেশিপ নবায়ন করা যাবে। দুই বছর মেয়াদী এম,ফিল/এম,এস/সমমান শ্রেণীতে (গবেষণা/থিসিস গ্রুপে) ১ম বছরে ফেলোশিপপ্রাপ্ত ছাত্র-ছাত্রী/গবেষকদের ১ম বছরের সম্পাদিত কাজের সন্তোষজনক অগ্রগতির স্বপক্ষে তত্ত্বাবধায়কের প্রত্যয়ন, তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতিস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহুল প্রতিবেদন, এক বা একাধিক গবেষণা সংক্রান্ত সেমিনার প্রদানের অভিজ্ঞতা অথবা প্রথম বছরের পরীক্ষায় সন্তোষজনক ফলাফল এবং ফেলোশিপ কমিটির সুপারিশক্রমে ২য় বছরের জন্য ফেলোশিপ নবায়ন করা যাবে।

৯.২. সন্তোষজনক অগ্রগতি ক্ষেত্রে ডক্টরাল ফেলোশিপ নবায়ন করা যাবে। পিএইচডি ১ম বছরে ফেলোশিপপ্রাপ্ত ছাত্র-ছাত্রী/গবেষকদের ১ম বছরের সম্পাদিত কাজের সন্তোষজনক অগ্রগতি স্বপক্ষে তত্ত্বাবধায়কের প্রত্যয়ন, তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতিস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহুল প্রতিবেদন, এক বা একাধিক গবেষণা সংক্রান্ত সেমিনার প্রদানের অভিজ্ঞতা অথবা প্রথম বছরের পরীক্ষায় সন্তোষজনক ফলাফল এবং ফেলোশিপ কমিটির সুপারিশক্রমে ২য় বছরের জন্য ফেলোশিপের নবায়ন করা যাবে।

৯.৩. পিএইচডি ২য় বছরে ফেলোশিপপ্রাপ্ত ছাত্র/ছাত্র/গবেষকদের ১ম দুই বছরের সম্পাদিত কাজের সন্তোষজনক অগ্রগতি স্বপক্ষে তত্ত্বাবধায়কের প্রত্যয়ন, তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতিস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহুল প্রতিবেদন, এক বা একাধিক গবেষণা সংক্রান্ত সেমিনার প্রদারেনর অভিজ্ঞতা, দেশী/বিদেশী পিয়ার রিভিউড (Peer Reviewed) জার্ণালে এক বা একাধিক গবেষণা প্রবন্ধ প্রকাশ এবং ফেলোশিপ কমিটির সুপারিশক্রমে ৩য় বছরের জন্য ফেলোশিপের নাবয়ন করা যাবে। যে সকল ফেলো/গবেষক এম,ফিল/এম,এস লিডিং টু পিএইচডি কোর্সে অধ্যয়নরত তাঁদের ক্ষেত্রে উল্লেখিত শর্তানুসারে ৩য় বছরের জন্য ফেলোশিপ নবায়ন করা যাবে।

৯.৪. পোষ্টডক্টরাল ফেলোশিপপ্রাপ্ত গবেষককে ২য় ছয় মাসের জন্য ফেলোশিপ নবায়নের ক্ষেত্রে (বিশেষক্ষেত্র) তত্ত্বাবধায়ক/সংশ্লিষ্ট কমিটি কর্তৃক ১ম ছয় মাসের গবেষণা কর্মের সন্তোষজনক অগ্রগতি স্বপক্ষে প্রত্যয়ন, তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতিস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহুল প্রতিবেদন এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুপারিশ দাখিল করতে হবে।

১০.০. ফেলোশিপের জন্য আবেদন আহবান ও জমা প্রদানের পদ্ধতিঃ

১০.১. আবেদন আহবানঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় প্রতি বৎসর ফেলোশিপ প্রদানের জন্য ০২(দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় (একটি বাংলা ও একটি ইংরেজী) এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে আবেদনপত্র আহবান করবে।

১০.২. আবেদন ফরম সংগ্রহ ও জমাদানঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক নির্ধরিত আবেদন ফরমে ফেলোশিপের জন্য আবেদন করতে হবে। আবেদন ফরম ও সংযুক্তির নমুনা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোড করে অথবা সরাসরি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ করা যাবে।

১০.৩. <u>আবেদনপত্র গ্রহণঃ</u> বিজ্ঞাপনে উল্লেখিত তারিখের মধ্যে আবেদন ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে মন্ত্রণালয়ে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১১.০. <u>আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ</u>

১১.১. সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি (সনদ ও মার্কসীট) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করে দাখিল করতে হবে।

১১.২. বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কোর্সে ভর্তির সংশ্লিষ্ট কাগজপত্র ও ভর্তির রশিদ সংযুক্ত করে দাখিল করতে হবে।

১১.৩. "আবেদনকারী একজন খন্ডকালীন/সার্বক্ষণিক শিক্ষার্থী/গবেষক" এই মর্মে সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। প্রত্যয়নপত্রে বিভাগীয় প্রধানের পুরো নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা থাকতে হবে।

১১.৪. তত্ত্বাবধায়কের প্রতিস্বাক্ষরিত প্রস্তাবিত গবেষণা প্রস্তাবের অনুলিপি দাখিল করতে হবে। অনুলিপিতে তত্ত্বাবধায়কের নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা থাকতে হবে।

১১.৫. সরকারী/বেসরকারী সকল প্রার্থীকে "অন্য কোন সরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী প্রতিষ্ঠান হতে উক্ত শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না" মর্মে ১৫০/- (একশত পঞ্চাশ)টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ঘোষণা দিতে হবে।

১১.৬. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/বিধিবদ্ধ সরকারী প্রতিষ্ঠানে চাকুরিজীবীগণকে যথাযথ কর্তৃপক্ষের শিক্ষা/গবেষণার অনুমতিপত্র/শিক্ষা ছুটি/প্রেষণ মঞ্জুর সংক্রান্ত পত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।

১১.৭. পোষ্ট ডক্টরাল ফেলোশিপের জন্য অন্যান্য কাগজপত্রের সাথে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান থেকে আমন্ত্রণপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

১২.০. ফেলোশিপ নাবয়নের জন্য নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

১২.১. ফেলোশিপপ্রাপ্ত এম.ফিল/এম,এস,পিএইচডিতে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকদের ২য় বছরে ফেলোশিপ নবায়নের জন্য (ভ) ফেলোশিপ প্রাপ্তির সরকারী পত্রের অনুলিপি, (ii) ১ম বছরের সম্পাদিত কাজের সন্তোষজনক অগ্রগতির স্বপক্ষে তত্ত্বাবধায়কের প্রত্যয়ন, (iii) তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতিস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহুল প্রতিবেদন, (iv) এক বা একাধিক গবেষণা সংক্রান্ত সেমিনার প্রদানের অভিজ্ঞতা অতবা প্রথম বছরের পরীক্ষায় সন্তোষজনক ফলাফল বিবরণী আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১২.২. ফেলোশিপপ্রাপ্ত পিএইচডিতে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকগণ ৩য় বছরে ফেলোশিপ নবায়নের জন্য (i) ফেলোশিপ প্রাপ্তির সরকারী পত্রের অনুলিপি, (ii) ১ম দুই বছরের সম্পাদিত কাজের সন্তোষজনক অগ্রগতির স্বপক্ষে তত্ত্বাবধায়কের প্রত্যয়ন, (iii) তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতিস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহুল প্রতিবেদন, (iv) এক বা একাধিক গবেষণা সংক্রান্ত সেমিনার প্রদানের অভিজ্ঞতা, (v) দেশী/বিদেশী পিয়ার রিভিউ (Peer Review) জার্ণালে এক বা একাধিক গবেষণা প্রবন্ধ প্রকাশনা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১২.৩. পোষ্টডক্টরাল ফেলোশিপপ্রাপ্ত গবেষকক ২য় ছয় মাসের জন্য ফেলোশিপ নবায়নের ক্ষেত্রে (বিশেষক্ষেত্র) তত্ত্বাবধঅয়ক/সংশ্লিষ্ট কমিটি কর্তৃক ১ম ছয় মাসের গবেষণা কর্মের সন্তোষজনক অগ্রগতির স্বপক্ষে প্রত্যয়ন, তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতিস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহুল প্রতিবেদন এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুপারিশ দাখিল করতে হবে।

১৩.০. ফেলো নির্বাচন পদ্ধতিঃ

আবেদনপত্র প্রাপ্তির পর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রস্তাবিত প্রকল্পের জাতীয় প্রয়োজন ও উৎপাদনমূখীতার গুরুত্ব এবং সাক্ষাৎকারের ভিত্তিতে যোগ্য প্রার্থীদের বাছাই/সুপারিশ করা হবে। এ লক্ষ্যে গঠিত কমিটি সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীদের দাখিলকৃত আবেদন যাচাই ও মৌখিক পরীক্ষা গ্রহণ করে নির্বাচন করবেন। নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় ফেলোশিপ প্রদান করবে। এ ক্ষেত্রে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩.১ কমিটি নিম্নরূপে গঠিত হইবে -------

১।যুগ্ম-সচিব (আইসিটি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়-সভাপতি
২। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর একজন উপযুক্ত প্রতিনিধি-সদস্য
৩। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার কৌশল বিভাগের একজন অধ্যাপক-সদস্য
৪। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর একজন উপযুক্ত প্রতিনিধি(উপ-সচিব পর্যায়ের)-সদস্য
৫। অর্থ মন্ত্রণালয় এর একজনউপযুক্ত প্রতিনিধি(উপ-সচিব পর্যায়ের)-সদস্য
৭। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি(উপ-সচিব পর্যায়ের)-সদস্য
৮। বাংলাদেশ কম্পিউটার সমিতির(BCC) একজন উপযুক্ত প্রতিনিধি-সদস্য
৯। বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়ার এন্ড ইনফরমেশন সার্ভিসেস(BASIS) এর একজন উপযুক্ত প্রতিনিধি-সদস্য
১০। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (আইসিটি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়- সদস্য সচিব

১৪.০.ফেলোশিপের মূল্যায়ন ও চূড়ান্ত প্রতিবেদন পেশের সময়সীমাঃ

১৪.১. মূল্যায়ন প্রতিবেদনঃ প্রতি ০৬(ছয়) মাস অন্তর অন্তর ফেলোগণকে তাঁদের তত্ত্বাবধায়কের মাধ্যমে গবেষণা কর্মের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। প্রতি কিস্তির বিলের উক্ত প্রতিবেদন সংযুক্ত করে দাখিল করতে হবে।

১৪.২. সমাপনী প্রতিবেদনঃ ফেলোগণ গবেষণা সমাপ্তির তিন মাসের মধ্যে তাঁর তত্ত্বাবধায়কের মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ে চূড়ান্ত প্রতিবেদন পেশ করবেন। প্রতিবেদনের সাথে সফট কপিসহ (Soft Copy) থিসিস/গবেষণাপত্র (Thesis/Dissertation) এর একটি কপি মন্ত্রণালয়ে জমা দিবেন। সফট কপিসহ (Soft Copy) চূড়ান্ত প্রতিবেদন ও থিসিস/গবেষণাপত্র (Thesis/Dissertation) কপি মন্ত্রণালয়ে জমা দিতে ব্যর্থ হলে ফেলোশিপ বাবদ প্রদত্ত অর্থ সরকারকে ফেরৎ প্রদানে বাধ্য থাকবেন।

১৪.৩. সেমিনার/কর্মশালা/মূল্যায়ন সভাঃ ফেলোগণকে গবেষণা কার্যক্রমের লব্ধজ্ঞান বিষয়ে প্রযুক্তি মন্ত্রণালয় বছরে এক বা একাধিকবার সেমিনার/কর্মশালা/মূল্যায়ন সভার আয়োজন করবে। উক্ত সেমিনার/কর্মশালা/মূল্যায়ন সভায় গবেষণাকর্ম সম্পন্ন করেছেন এরূপ ফেলোদের মধ্যে মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ফেলোগণ অংশগ্রহণ করবেন। অংশগ্রহণকারীদের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ফেলো/ফেলোগণ মূল প্রবন্ধ উপস্থাপনসহ আলোচনায় অংশগ্রহণ করবেন।

১৫.০. ফেলোশিপের ভাতা প্রাপ্তিঃশুধুমাত্র চেকের মাধ্যমে অথবা সরাসরি জমা(Direct Deposit) নির্বাচিত ফেলোগণকে ভাতা প্রদান করা হবে। নিয়োগপ্রাপ্ত ফেলোগণ নিয়োগপত্রের শর্ত মোতাবেক নির্ধারিত ফরমে ও নিয়মে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ে মাসিক ভিত্তিতে বিল দাখিল করবেন। প্রতি অর্থ বছরে ০২ (দুই) কিস্তিতে বিল দাখিলের ভিত্তিতে ফেলোদের ফেলোশিপ ভাতা চেকমারফত অথবা সরাসরি জমার মাধ্যমে পরিশোধ করা হবে।

১৬.০. বিবিধঃ

১৬.১. অনেক ক্ষেত্রে গবেষণা তত্ত্বাবধায়ক অন্যত্র চলে যাওয়ায় ফেলোগণ কাজের গতি হারিয়ে ফেলেন বা কাজের অগ্রগতি বিঘ্নিত হয়। এ অবস্থায় একই প্রতিষ্ঠানকে নুতন তত্ত্বাবধায়ক নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে অথবা ফেলোগণ এ ক্ষেত্রে গবেষণার স্বার্থে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে নুতন তত্ত্বাবধায়ক গ্রহণ করতে পারবেন। অন্যথায় সংশ্লিষ্ট ফেলোর ফেলোশিপ বাতিল করা হবে।

১৬.২. কোন কোন প্রকল্পের ক্ষেত্রে একাধিক প্রতিষ্ঠানে গবেষণা চালানো প্রয়োজন হতে পারে। এ অবস্থায় ফেলোর প্রধান তত্ত্বাবধায়কসহ একাধিক সহেযোগী তত্ত্বাবধায়ক থাকতে পারবে।

১৬.৩. ফেলোশিপের সময়সীমা উত্তীর্ণ হওয়ার পূর্বে সরকারের অনুমতি ব্যতিরেকে ফেলোশিপ পরিত্যাগ করলে (কোন প্রতিবেদন না দিয়ে) অথবা ফেলোশিপ সংক্রান্ত নিয়ম-কানুন মেনে চলতে ব্যর্থ হলে ফেলোশিপ বাবদ সরকার কর্তৃক প্রদত্ত সমুদয় অর্থ সরকারকে ফেরৎ দিতে সংশ্লিষ্ট ফেলো বাধ্য থাকবেন।

শর্তাবলীঃ

১৬.৪ গবেষক এবং সুপারভাইজার দু'জনকে অর্থ প্রদান করতে হব

১৬.৫ নির্দিষ্ট সময়ের মধ্যে Ph.D কাজটি সম্পন্ন করতে হবে।

১৬.৬ Fulltime/Part time দু'ধরনের কোর্সের জন্য বিবেচিত হবে।

১৬.৭ গবেষণা কার্য শুরু থেকে শেষ পর্যন্ত presentation দিতে হবে।

১৬.৮ Monitoring এর জন্য গবেষণে বিষয়ে দক্ষ গবেষক/অধ্যাপক নিয়োগ দিতে হবে।

১৬.৯ Course Work করতে হবে।

১৬.১০ On Campus study হতে হবে।

১৬.১১ UGC অনুনোমোদিত প্রতিষ্ঠাণের মাধ্যমে প্রতিষ্ঠাণের মাধ্যমে গবেষণা করা

১৬.১২ কমিটিকে ভাতা দিতে হবে

১৬.১৩ সরকারী চাকুরীরত অবস্থায় আবেদনের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য ।

১৬.১৪ Master's Degree এর Result এর গুরুত্ব দিতে হবে।

১৬.১৫ অভিজ্ঞতা সম্পন্ন সরকারী চাকুরীজিবীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ফলাফল ও বিষয় (মাস্টার্স) শিথিলযোগ্য

১৬.১৬ গবেষণা চলাকালীন অবশ্যই গবেষণা ও সংশ্লিষ্ট বিষয়ে Part time/Full time কোর্স ওয়ার্ক করতে হবে।